

AME (PCT RD)
৭.৩.১৮

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন
পরিবহন ভবন
২১, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।

নং-৩৫.০৪.০০০০.০১১.০০.০১২(৭ম খন্ড).১০-৪৭৬

তারিখ: ১৮/০৩/২০১৮


বিষয়: বিআরটিসি'র যাত্রীসেবার পরিধি সম্প্রসারণ সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রচার সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস থেকে উত্তরণ উপলক্ষ্যে বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি)-এর যাত্রীসেবার পরিধি সম্প্রসারণের লক্ষ্যে যথাক্রমে 'বিআরটিসি উষা সার্ভিস'; 'বিআরটিসি উত্তরা সার্কুলার সার্ভিস'; ও 'বিআরটিসি অফিস যাত্রী সার্ভিস' নামে ৩টি বাস সার্ভিস চালু সংক্রান্ত অনুমোদিত বিজ্ঞপ্তির কপি এইসঙ্গে প্রেরণ করা হ'ল।

২। বর্ণিত অবস্থায়, সংযুক্ত বিজ্ঞপ্তি 'দৈনিক যুগান্তর' ও 'দৈনিক বাংলাদেশ প্রতিদিন' পত্রিকায় প্রকাশের ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হ'ল।

সংযুক্ত: বর্ণনায়তে ১(এক) পাতা।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,



(হায়দার জাহান ফারাস)

জেনারেল ম্যানেজার (প্রশাঃ ও পাসোঃ)

বিআরটিসি।

ফোন: ৯৫৫১৯৮৫ (অফিস)

সচিব
বিআরটিসি।

বিতরণ: সদয় অবগতির জন্য বিজ্ঞপ্তির কপিসহ প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (অর্থ ও হিসাব)/(প্রশাঃ ও অপাঃ)/(কারিগরি), বিআরটিসি।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হ'ল।
- ৫। পিএসটু চেয়ারম্যান বিআরটিসি। চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৬। জনাব আহমাদ মাহমুদ মারুফ, অফিস সহঃ কাম-কম্পিউটার অপারেটর। বিআরটিসি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হ'ল।
- ৭। অফিস কপি/মাস্টার ফাইল।

বাংলাদেশ স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস থেকে উত্তরণ উপলক্ষ্যে আগামী
২৫ মার্চ ২০১৮ খ্রিঃ হতে বিআরটিসি'র যাত্রীসেবার পরিধি সম্প্রসারণ

বিআরটিসি উষা সার্ভিস

লঞ্চ/স্টিমারে আগত যাত্রীগণকে ভোর ০৫.০০ টা হতে বিআরটিসি'র
বাসের মাধ্যমে সদরঘাট হতে নিরাপদে গন্তব্যে পৌঁছে দেয়াই এ
সার্ভিসের মূল উদ্দেশ্য।

বিআরটিসি উত্তরা সার্কুলার সার্ভিস

উত্তরা সম্প্রসারিত ৩য় পর্ব হতে উত্তরার বিভিন্ন সেক্টরের মধ্যে ৪টি
মিনিবাসের মাধ্যমে আন্তঃসেক্টর যাত্রীদের এ সেবা প্রদান করা হবে।

বিআরটিসি অফিস যাত্রী সার্ভিস

খিলক্ষেতে মতিবিলমুখী অফিসগামী যাত্রীদের বিড়ম্বনা দূর করতে সকাল
০৭.০০টা হতে ৩টি ডবল ডেকার বাসের মাধ্যমে এ সেবা প্রদান করা
হবে।



বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি)

২১, রাউজক এভিনিউ, ঢাকা- ১০০০